
# হাই স্পীড রেল (LONDON - WEST MIDLANDS)

## সাম্যতার প্রভাব মূল্যায়ন সম্পর্কিত সাম্প্রতিকতম তথ্য: CFA1 Euston স্টেশন ও প্রবেশপথের

সংক্ষিপ্তসার

সেপ্টেম্বর ২০১৫




HS2 রুট ম্যাপ

# HS2 সাম্যতার প্রভাব মূল্যায়ন (EqIA) কী সম্পর্কিত?

## Euston এলাকার পরিবর্তনসমূহ

হাই স্পিড টু (HS2) হলো সরকারের প্রস্তাবিত একটি নতুন উচ্চগতির রেলওয়ে

এটি London-এর Euston স্টেশন থেকে শুরু হবে এবং ব্রিটেনের অন্যান্য বড় বড় শহরগুলোকে সংযুক্ত করবে।

London ও West Midlands-এর মাঝখানে এই রেলওয়ের প্রথম পর্যায়ের নির্মাণকাজ ও ব্যবহার সম্পর্কে দুই বছর আগে HS2 Ltd সংসদে তাদের প্রস্তাব পাঠিয়েছিল (১ম পর্যায়)। এতে Euston স্টেশনের একটি ডিজাইন অন্তর্ভুক্ত ছিল যা নির্মাণ করতে ১০ বছর সময় লাগবে।

HS2 Ltd এখন Euston স্টেশন ও এর প্রবেশপথের প্রস্তাবিত ডিজাইন হালনাগাদ করেছে (CFA1)। আপনি ৩য় পৃষ্ঠায় এই এলাকার একটি মানচিত্র দেখতে পাবেন। Euston-এর এই পরিবর্তনগুলো London ও Birmingham-এর মধ্যকার রুট বরাবর পরিবর্তনের বৃহত্তর প্রস্তাবের একটি অংশ।

## *সাম্যতার প্রভাব মূল্যায়নের হালনাগাদ কিসের জন্য?*

সাম্যতার প্রভাব মূল্যায়ন (EqIA) দেখাতে সাহায্য করে যে পরিবর্তনগুলো ঘটার অনুমতি দেয়ার আগে HS2 Ltd সাম্যতা সম্পর্কিত সম্ভাব্য বিষয়গুলো বিবেচনা করেছে।

2013 সালের EqIA সম্পূর্ণ প্রথম পর্যায়ের জন্য সাম্যতার সম্ভাব্য প্রভাবগুলো বিবেচনা করেছিল।

নতুন রেলওয়ের নির্মাণ, অন্যান্য বিষয়গুলোর মধ্যে, যে বিষয়গুলো পরিবর্তন করতে পারে তার মধ্যে রয়েছে কিভাবে কিছু ব্যক্তি Euston এলাকার চারপাশে যাতায়াত করেন, তাদের যে সব জায়গায় যাওয়ার প্রয়োজন হয় এবং এমনকি, কিছু কিছু ক্ষেত্রে, তারা যেখানে বসবাস করেন।

***EqIA হালনাগাদ তথ্য*** আপনাকে জানায় যে Euston-এর প্রস্তাবিত পরিবর্তনগুলোর কারণে সম্ভাব্য প্রভাবগুলো কী কী হতে পারে, এবং সাহায্য করার জন্য HS2 Ltd সম্ভাব্য কী কী পদক্ষেপ নিতে পারে।

## এই সব পরিবর্তনগুলো এবং 'সুরক্ষিত বৈশিষ্ট্যযুক্ত' ব্যক্তিগণ

***EqIA হালনাগাদ তথ্য*** হলো Euston-এ রেলওয়ে নির্মাণ ও পরিচালনা সম্পর্কিত প্রস্তাবিত পরিবর্তনগুলো 'সুরক্ষিত গ্রুপের' বা 'সুরক্ষিত বৈশিষ্ট্যযুক্ত' ব্যক্তিদের - যেমন খুব বেশি বৃদ্ধ বা তরুণ-তরুণী, অথবা নির্দিষ্ট পটভূমি বা অবস্থা, বিশ্বাস বা জীবন-যাপনের বৈশিষ্ট্যযুক্ত ব্যক্তিদেরকে কিভাবে প্রভাবিত করতে পারে।

আইনে 'সুরক্ষিত বৈশিষ্ট্যযুক্ত' পরিভাষাটির একটি বিশেষ অর্থ রয়েছে। ২০১০ সালের সাম্যতার আইন ব্যাখ্যা করে যে, এগুলো হতে পারে আপনার বয়স, প্রতিবন্ধীত্ব, লিঙ্গ, পুনরায় লিঙ্গ নির্ধারণ, বিয়ে ও সিভিল পার্টনারশিপ, গর্ভধারণ ও ম্যাটার্নিটি, জাতি, ধর্ম বা বিশ্বাস, ও যৌন পছন্দ। আপনি ২০১০ সালের সাম্যতার আইন সম্পর্কে অনলাইনে আরো তথ্য পেতে পারেন।

সুরক্ষিত বৈশিষ্ট্যযুক্ত যে সব ব্যক্তি Euston-এ বসবাস বা চাকরি করেন, অথবা Euston স্টেশন ব্যবহার করেন, তাদেরকে এই পরিবর্তনগুলো **আরো বেশি** ('সামঞ্জস্যহীনভাবে') বা **কোনো বিশেষ উপায়ে** (ভিন্নভাবে) প্রভাবিত করতে পারে।

একটি অসামঞ্জস্যপূর্ণ প্রভাব ঘটতে পারে যদি London Borough অব Camden বা Greater London-এর তুলনায় স্থানীয় এলাকায় সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন প্রচুর সংখ্যক ব্যক্তি বসবাস করেন, অথবা যদি সুরক্ষিত গোষ্ঠীগুলো অন্য ব্যক্তিদের তুলনায় সুবিধাগুলো বেশি ব্যবহার করেন বা সেগুলোর উপর বেশি নির্ভর করেন।

সুনির্দিষ্ট প্রয়োজন অথবা এক বা একাধিক সুরক্ষিত বৈশিষ্ট্যের সাথে সংশ্লিষ্ট একটি স্বীকৃত সংবেদনশীলতার কারণে ভিন্ন একটি প্রভাব ঘটতে পারে।

যেখানে ***EqIA হালনাগাদ তথ্য*** সাম্যতার সম্ভাব্য প্রভাবগুলো শনাক্ত করে, সেখানে এটি আবার সাহায্য করার জন্য সম্ভাব্য ব্যবস্থাগুলোও বর্ণনা করে।

## Euston-এর জন্য প্রস্তাবগুলো কিভাবে পরিবর্তিত হয়েছে?

Euston-এর জন্য সংশোধিত প্রস্তাবের অর্থ হলো দুইটি পর্যায়ে উচ্চগতির স্টেশন নির্মাণ করা। এর অর্থ হলো:

- HS2 প্রথম পর্যায়ের সার্ভিস (London – West Midlands) ২০২৬ সালে শুরু হতে পারে
- HS2 দ্বিতীয় পর্যায়ের সার্ভিস (West Midlands ও North) ২০৩৩ সালে শুরু হতে পারে
- HS2-এর নির্মাণ কাজ চলার সময় Euston স্টেশন স্বাভাবিকভাবে আরো বেশি ট্রেন চালাতে পারবে
- নতুন স্টেশন নির্মাণ করতে ১৫ বছর সময় লাগবে।

## আমি এখন কী করতে পারি?

HS2 Ltd চায় আপনি এই সম্পূর্ণ সংক্ষিপ্তসার পড়ুন, এবং *EqIA হালনাগাদ* তথ্য সম্পূর্ণভাবে পড়ুন, তারপর পরিবর্তনগুলো সম্পর্কে আপনার মতামত দিন।

HS2 Ltd নিশ্চিত করতে চায় যে, সুরক্ষিত গোষ্ঠীর অন্তর্ভুক্ত যে সব ব্যক্তিরা বেশি প্রভাবিত হতে পারে, অথবা এলাকার অন্যদের তুলনায় কোনো বিশেষভাবে প্রভাবিত হতে পারে তাদের জন্য সঠিক সিদ্ধান্ত নেয়ার জন্য HS2 Ltd-এর কাছে যাতে সব তথ্য থাকে।

EqIA পরামর্শ পেইজ www.gov.uk/hs2 এ যান এবং HS2 Ltd-কে আপনার দৃষ্টিভঙ্গি সম্পর্কে জানানোর জন্য ধাপগুলো অনুসরণ করুন।


এটি একটি গণ পরামর্শ। HS2 Ltd যে কোনো ব্যক্তি বা সংগঠনের কাছ থেকে পাওয়া মতামতকে স্বাগত জানায়।

6 নভেম্বর 2015 তারিখ রাত 11:45 টায় এই মতামত গ্রহণ শেষ হবে।



HS2 Ltd

Euston Square Gardens




Euston স্টেশন ও প্রবেশপথ (CFA1)

# HS2-এর EqIA হালনাগাদের মূল তথ্যগুলো এখানে দেয়া হয়েছে

Euston-এর চারপাশের পরিবর্তনগুলো কিছু ব্যক্তি ও জায়গাকে অন্যদের তুলনায় বেশি প্রভাবিত করবে।

যদি আপনি একটি সুরক্ষিত গোষ্ঠীর অন্তর্ভুক্ত থাকেন, তাহলে এই অংশটি আপনাকে দেখতে সাহায্য করবে যে আপনি প্রভাবিত হবেন কিনা।

## ২০১৭ থেকে ২০৩৩ সাল পর্যন্ত নির্মাণ কাজ

### Regent's Park Estate, Stalbridge House, Melton Street, Euston Street, Cobourg Street ও Granby Terrace-এ বাসস্থান হারানো

Regent's Park Estate-এ ২২০টি বাড়ি ভেঙে ফেলতে হবে যাতে HS2 Ltd Euston স্টেশনের নির্মাণ কাজ করতে পারে।

HS2 Ltd Netley Primary School-এ ৭০টি সামাজিক ভাড়া বাসা এবং Regent's Park Estate-এ ৬৬টি সামাজিক ভাড়া বাসার জন্য অর্থায়নের ব্যবস্থা করছে।

এর অর্থ হলো Regent's Park Estate ও Cobourg Street-এর যে সব বাড়ি ভেঙে ফেলা হবে সেগুলো থেকে চলে যাওয়া সামাজিক হাউজিংয়ের সব ভাড়াটেরা কাছাকাছি জায়গায় বসবাস করতে পারবেন।

- যদি আপনি সামাজিক হাউজিংয়ের ভাড়াটে হন তাহলে আপনি বাড়ি বদলানোর সময় কেউ একজন আপনাকে ১২ মাস পর্যন্ত সহায়তা দিতে পারবে। এবিষয়ে London Borough of Camden ('Camden Council') এবং সেক্রেটারি অব স্টেট একটি আইনি চুক্তি করেছে।
- Camden Council সেই সব আবাসিক লিজগ্রহীতাদের শেয়ার্ড ইকুইটি ভিত্তিতে কিনে নেয়ার জন্য ২৪টি নতুন বাড়ি নির্মাণের প্রস্তাব দিয়েছে যাদের ভেঙে ফেলা হবে এমন বাড়িগুলো থেকে চলে যেতে হবে।
- নতুন, উন্নত মানের বাড়িতে কিছু সুবিধা পাওয়া যাবে, কিন্তু কিছু কিছু ব্যক্তি অনুভব করতে পারেন:
  - মানসিক বিপর্যস্ততা, উদ্বেগ, এবং Regent's Park Estate-এ বসবাসকারী সামাজিক ভাড়াটে, আবাসিক লিজগ্রহীতা ও অন্যান্য ব্যক্তিদের মধ্যকার গোষ্ঠীগত বন্ধন হারিয়ে ফেলা।
  - মানসিক বিপর্যস্ততা, উদ্বেগ, গোষ্ঠীগত বন্ধন ও বেড়াতে যাওয়ার জায়গা হারিয়ে ফেলা, এবং যাদের বাড়িগুলো ভেঙে ফেলা হবে সেই সব লিজ নেয়া বাড়ির অনাবাসিক প্রাইভেট ভাড়াটেদের জন্য সমস্যাসমূহ; এবং
  - বিভিন্ন জাতি, কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) বা ধর্মভিত্তিক পরিচয়ের লোকজন কিভাবে মেলামেশা করবে তার মধ্যে একটি পার্থক্য।


HS2 Ltd

The Regent's Park Estate

HS2 Ltd




Cobourg Street

## উচ্চ শব্দের প্রভাব

Ampthill Estate, Regent's Park Estate এবং Cobourg Street-এ বসবাসকারী ব্যক্তিরা উচ্চ শব্দের কারণে তাদের বাড়ির ভেতরে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হবেন না কারণ উচ্চ শব্দ এড়ানো ও শব্দ কমানোর ব্যবস্থা নেয়া হয়েছে, এবং প্রয়োজনীয় জায়গাগুলোতে উচ্চ শব্দ ঢেকে দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে।

Regent's Park Estate ও Ampthill Estate-এ বসবাসকারী ব্যক্তিরা বাড়ির বাইরে সময় কাটানোর সময় কখনো কখনো নির্মাণ কাজের উচ্চ শব্দ শুনতে পারেন।

- যদি আপনি একজন বাংলাদেশি বংশোদ্ভূত শিশু বা কিশোর-কিশোরী, প্রতিবন্ধী, কম-আয়বিশিষ্ট বা নারী একক মাতা বা মুসলমান হন, তাহলে আপনি এমন জায়গায় বসবাসের সম্ভাবনা *বেশি* যেখানে আপনি বাড়ির বাইরে উচ্চ পর্যায়ের শব্দ শুনতে পারেন।
- সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন কিছু ব্যক্তি, যেমন প্রতিবন্ধী ব্যক্তিরা উচ্চ শব্দের কারণে, তাদের নিজেদের বাড়ির শব্দের মাত্রায় পরিবর্তনের ফলে *বিশেষভাবে* প্রভাবিত হতে পারেন।

## বায়ুর মানের উপর প্রভাব

Regent's Park Estate-এ বসবাসকারী শিশু বা প্রতিবন্ধী ব্যক্তি, অথবা কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) বা মুসলমান পটভূমির ব্যক্তিরা বায়ুর মানের উপর প্রভাব আরো বেশি করে লক্ষ করতে পারেন।

Euston এলাকার যেকোনো জায়গায় বসবাসকারী ব্যক্তিরা বায়ুর মানের উপর প্রভাব লক্ষ করতে পারেন কিন্তু এই মুহূর্তে HS2 Ltd জানে না যে সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন আর কোন ব্যক্তিরা এটা *আরো বেশি* করে লক্ষ করতে পারে।

বিশেষজ্ঞরা বিবেচনা করছেন যে, নির্মাণ কাজের সময় বায়ুর মানের এই সব পরিবর্তনগুলোর কারণে কমিউনিটি-জুড়ে স্বাস্থ্যের উপর সামান্য প্রভাব পড়বে, এবং ২০৩৩ সালের পর যখন HS2 চলাচল করবে তখন এই প্রভাবগুলো আরো কমে যাবে। তবে, যান চলাচল বেড়ে যাওয়ার কারণে স্বাস্থ্যের উপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে কিছু কিছু ব্যক্তি উদ্বিগ্ন বোধ করতে পারেন, বিশেষ করে সেই সব ব্যক্তিরা যাদের স্বাস্থ্য সমস্যাগুলো তাদের শ্বাস-প্রশ্বাসের উপর প্রভাব ফেলছে।

- যদি আপনি একজন শিশু, বা বয়স্ক ব্যক্তি হন, অথবা হাঁপানির মত স্বাস্থ্য সমস্যা থাকে, তাহলে আপনি বায়ুর মানের উপর এই পরিবর্তনগুলো *বিশেষভাবে* লক্ষ করতে পারেন।

## চলাচলের উপর প্রভাব

16 থেকে 36 Park Village East-এ বসবাসকারী ব্যক্তিরা ছয় বছর পর্যন্ত গাড়ি, ট্যাক্সি বা ডেলিভারি ভ্যানের মত যানবাহনগুলো তাদের বাড়ির সামনে থামাতে পারবেন না।

জরুরি সার্ভিসগুলো এই বাড়িগুলোর বাইরে থামতে পারবে।

ছয় বছর বা আরো কম সময়ে, এই সব বাড়িগুলোর সামনে যানবাহনের চলাচল স্বাভাবিক অবস্থায় ফিরে যাবে।

- যদি আপনি একজন বৃদ্ধ বা প্রতিবন্ধী হন যিনি এই সব বাড়িগুলোতে বসবাস করছেন, তাহলে আপনি এই পরিবর্তনগুলো দ্বারা *বিশেষভাবে* ক্ষতিগ্রস্ত হতে পারেন কারণ আপনি পায়ে হেঁটে যাওয়ার বদলে গাড়িতে যাওয়ার উপর নির্ভর করতে পারেন।

## সামাজিক কেন্দ্রগুলোতে প্রভাব

Harrington Street-এর Old Tenant's Hall এবং Redhill Street-এর Dick Collins Community Hall বন্ধ হয়ে যাবে, এবং সেগুলোর অভাব পূরণের জন্য Regent's Park Estate-এ একটি নতুন কমিউনিটি সেন্টার চালু করা হবে।

- Old Tenant's Hall-এ পরিচালিত Silverdale Motorcycle Project পরিচালনার জন্য একটি নতুন জায়গার দরকার হবে, অন্যথায় *বিশেষকরে* তরুণ-তরুণীরা অপরাধে জড়িয়ে পড়ার ঝুঁকি থাকবে।
- যে সব ব্যক্তিরা Robert Street-এর Surma Centre ব্যবহার করেন তারা নির্মাণ কাজের জন্য তিন বছর উল্লেখযোগ্য পরিমাণে উচ্চ শব্দ শুনতে পারেন।
- যদি আপনি একজন শিশু বা তরুণ-তরুণী হন যিনি টিউশনের জন্য Surma Centre ব্যবহার করেন, তাহলে আপনি *বিশেষভাবে* এই উচ্চ শব্দ লক্ষ করতে পারেন।
- বয়স্ক ব্যক্তি, নারী, বা BAME গ্রুপের যে সব সদস্য সেন্টারটি ব্যবহার করেন তারা অন্য গ্রুপগুলোর তুলনায় উচ্চ শব্দ দ্বারা *বেশি* প্রভাবিত হতে পারেন।



HS2 Ltd

Robert Street-এর Surma Centre

## স্কুল ও শিক্ষা কেন্দ্রগুলোর উপর প্রভাব

যে সব ব্যক্তিরা Regent's Park Children's Centre বা Maria Fidelis (Lower) Convent School-এ সময় কাটান তারা নির্মাণ কাজের জন্য সাত বছর পর্যন্ত উল্লেখযোগ্য পরিমাণে উচ্চ শব্দ শুনতে পারেন।

- নির্মাণ কাজের কারণে উচ্চ শব্দ কমানো বা এড়ানোর জন্য HS2 Ltd যুক্তিসঙ্গত উপায় খোঁজা অব্যাহত রাখবে।

যে সব ব্যক্তিরা Albany Street-এর Christ Church CE Primary School, Park Road-এর Francis Holland School, অথবা Parkway-এর North Bridge Preparatory School-এ যান তারা নিকটবর্তী রাস্তা পারাপারের সময় ভারী মালামাল ভর্তি গাড়ি আরো বেশি পরিমাণে দেখতে পারেন।

## ধর্ম-ভিত্তিক কেন্দ্রগুলোতে প্রভাব

যে সব ব্যক্তিরা শাহ জালাল মসজিদে (Euston মসজিদে) সময় কাটান তারা পাঁচ বছর পর্যন্ত নির্মাণ কাজের উচ্চ শব্দ শুনতে পারেন।

## সাংস্কৃতিক কেন্দ্রগুলোতে প্রভাব

যে সব ব্যক্তি Albert Street-এ অবস্থিত Jewish Museum বা Friends of the Hebrew University-তে সময় কাটান তারা নির্মাণ কাজ চলার সময় যানবাহন ভিন্ন রাস্তা দিয়ে যাওয়ার কারণে যানবাহনের বেশি শব্দ শুনতে পারেন।

- আপনি এই কেন্দ্রগুলোতে সময় কাটালে, আপনি এই সব উচ্চ শব্দগুলো *আরো বেশি* শুনতে পারেন।

## স্বাস্থ্য কেন্দ্রগুলোতে প্রভাব

যে সব ব্যক্তি North Gower Street-এর NHS Centre ব্যবহার করেন তারা নির্মাণ কাজের কারণে পাঁচ মাস পর্যন্ত বেশি শব্দ শুনতে পারেন।

- আপনি এই প্রভাবগুলো *বেশি* লক্ষ করতে পারেন যদি আপনি:
  - গর্ভবতী হন বা ম্যাটার্নিটি-সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টে যান;
  - টিকার জন্য গমনকারী শিশু হন বা শিশুর স্বাস্থ্য সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টে যান;
  - একজন বয়স্ক ব্যক্তি হন বা বয়স-সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টের জন্য নিয়মিতভাবে কেন্দ্রে যান; অথবা
  - যদি আপনার প্রতিবন্ধকতা-সৃষ্টিকারী স্বাস্থ্য সমস্যা থাকে যার কারণে প্রাথমিক পরিচর্যা পরিষেবার প্রয়োজন হয়।



Hampstead Road-এর খোলা জায়গা

## নতুন চাকরির সুযোগ

HS2 Ltd নারী, প্রতিবন্ধী ব্যক্তি, তরুণ-তরুণী, কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) গোষ্ঠী ও সংখ্যালঘু ধর্মভিত্তিক গোষ্ঠীর মত সুরক্ষিত গ্রুপগুলোর জন্য সমান সুযোগ প্রদান করে।

নির্মাণ শিল্পে নতুন চাকরি, প্রশিক্ষণ ও ব্যবসার সুযোগ যতটা সম্ভব অবহেলিত গোষ্ঠীগুলোর জন্য উন্মুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য HS2 Ltd ব্যবস্থা গ্রহণ করবে।

## খেলার মাঠ ও খোলা জায়গা

Euston Square Gardens ১৭ বছর বন্ধ থাকবে এবং ২০৩৩ সালে আবার খুলবে।

Lancing Street খেলার মাঠ ছয় বছর বন্ধ থাকবে। London Borough of Camden সম্মত হলে, HS2 Ltd খেলার মাঠের সরঞ্জামগুলো Lancing Street থেকে কাছাকাছি কোনো খোলা জায়গায় সরিয়ে নেবে, যাতে এটি তখনো ব্যবহার করা যায়।

St James Gardens, Hampstead Road-এর খোলা জায়গা ও Eskdale খেলার জায়গা স্থায়ীভাবে বন্ধ হয়ে যাবে।

- Regent's Park Estate ও Ampthill Estate-এ জনগণের জন্য খোলা জায়গাগুলো উন্নত করতে London Borough of Camden-এর সাথে HS2 Ltd কাজ করবে।
- ২০৩৩ সালে নতুন রেলওয়ে চালু হওয়ার পর, HS2 Ltd একটি বহুবিধ-ব্যবহারযোগ্য খেলার জায়গা ও শিশুদের প্লেগ্রাউন্ড নির্মাণ করবে, ল্যান্ডস্কেপিং করবে, এবং Regent's Park Estate-এর ঠিক উত্তরদিকে নতুন রেলওয়ে ও Langdale-এর মধ্যে বেঞ্চ বিছিয়ে দেবে।

HS2 Ltd-এর নতুন প্রস্তাব সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদেরকে নির্মাণ কাজের দ্বারা আরো কম প্রভাবিত হতে সাহায্য করবে। কিন্তু এই সব *সুনির্দিষ্ট* প্রভাবগুলো দেখা দিতে পারে:

- Regent's Park Estate-এ বসবাসকারী খুব ছোট শিশুদেরকে বাড়ি থেকে খেলার জায়গায় যেতে বেশি হাঁটতে হতে পারে।
- আপনি একজন শিশু, তরুণ-তরুণী, বয়স্ক ব্যক্তি বা প্রতিবন্ধী ব্যক্তি হলে, আপনার বাড়ির কাছাকাছি শান্তিপূর্ণ খোলা জায়গার পরিমাণ কমে যাবে কারণ খোলা জায়গার পরিমাণ সার্বিকভাবেই কমে যাবে।
- এই এস্টেটে বসবাসকারী কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) গোষ্ঠীর লোকজন অন্যান্য গোষ্ঠীর লোকজনের তুলনায় খোলা জায়গা কম পাবে।

## পায়ে হেঁটে চলাচলকারী ব্যক্তিরা

Euston স্টেশনের জন্য পরিমার্জিত প্রস্তাবটি ট্রেনের প্ল্যাটফর্মে যাওয়া-আসাকে আরো সহজ করে তুলবে, Euston Square Gardens-এর মধ্য দিয়ে হাঁটা, এবং কাছাকাছি চলাচলকারী বাসগুলোর ব্যবহারকে আরো সহজ করে তুলবে।

HS2 Ltd নির্মাণ কাজকে কয়েকটি ধাপে সম্পন্ন করবে যাতে পায়ে হেঁটে চলাচলকারী ব্যক্তিরা তখনো স্টেশনটি ব্যবহার করতে পারেন।

- আপনি একজন শিশু, তরুণ-তরুণী বা প্রতিবন্ধী ব্যক্তি হলে, স্টেশনের ভেতরে ও চারপাশে এবং কাছাকাছি সড়কগুলোতে নির্মাণ কাজের দ্বারা আপনি প্রভাবিত হতে পারেন, যেখানে এটি আপনার স্বাভাবিক যাত্রাপথকে প্রভাবিত করতে পারে।
- নির্মাণ কাজের জন্য এলাকার কিছু অংশ বন্ধ করে দেয়ার ফলে আপনাকে স্টেশনের পাশে আরো বেশি দূর হাঁটতে হতে পারে।

যে সব বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি বা ছোট শিশুরা রেলওয়ে পারাপারের জন্য Granby Terrace-এর মধ্য দিয়ে অতিক্রমকারী রুটটি ব্যবহার করেন তারা আরো দীর্ঘ সময় হাঁটার কারণে *বিশেষভাবে* প্রভাবিত হতে পারেন।

Euston station থেকে Drummond Street, ও Euston Street থেকে Starcross Street পর্যন্ত স্টেশনের পশ্চিমদিকে চলাচলকারী ব্যক্তিদেরকে ১০০ মিটার বেশি হাঁটতে হতে পারে।

নির্মাণ কাজের জন্য Euston এলাকার চারপাশে বাড়তি যানবাহন চলাচল করবে:

- নির্মাণ কাজের জায়গায় যাতায়াতকারী যানবাহনের কারণে এবং সংক্ষিপ্ত সময়ের জন্য রাস্তা বন্ধ করে দেয়ার ফলে Euston স্টেশনের আশেপাশে যানবাহন চলাচলের প্যাটার্ন বিভিন্ন দিনে বিভিন্ন রকম হতে পারে।
- ভারী যান চলাচলের ফলে পথচারী পারাপারের জায়গাগুলো ছাড়া অন্যান্য জায়গা দিয়ে রাস্তা পারাপার আরো কঠিন হয়ে উঠবে। আপনি একজন শিশু, বয়স্ক ব্যক্তি বা একজন প্রতিবন্ধী ব্যক্তি হলে, নির্দিষ্ট পারাপারের জায়গা ছাড়া অন্য জায়গা দিয়ে রাস্তা পারাপারের সময় আপনি কম নিরাপদ বোধ করতে পারেন।

পায়ে হেঁটে চলাচলকারী এবং সাইকেল আরোহীদের নিরাপত্তায় সাহায্য করার জন্য এবং নিরাপত্তা সম্পর্কিত উদ্বেগ বা দুশ্চিন্তা তৈরি করে এমন বিষয়গুলো এড়ানোর জন্য HS2 Ltd ইতোমধ্যে উপায় শনাক্ত করেছে, বিশেষ করে স্কুল ও অন্যান্য জায়গাগুলোর কাছাকাছি স্থানে যেগুলো সুরক্ষিত গোষ্ঠীগুলো ব্যবহার করে। আপনি এ বিষয়ে HS2 Ltd-এর নির্মাণ অনুশীলনের আচরণবিধির খসড়ায় আরো পড়তে পারেন। *EqIA হালনাগাদ তথ্যে* উত্থাপিত সুনির্দিষ্ট বিষয়গুলো মোকাবেলা সম্পর্কিত আরো বিস্তারিত বিবরণ স্থানীয় পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনায় রয়েছে।

## বাস ব্যবহারকারী লোকজন

Hampstead Road-এ নতুন সেতু নির্মাণের কারণে Regent’s Park Estate-এ Silverdale-এর বাইরে দু’টি বাস স্টপ (Hampstead Road-এর উভয় পাশে) বন্ধ করে দিতে হতে পারে। নতুন সেতু নির্মাণ করা হয়ে গেলে এই বাস স্টপগুলো আবার চালু হবে।

- এই বাস স্টপগুলো বন্ধ হওয়ার ফলে অন্যান্য গোষ্ঠীগুলোর তুলনায় Regent’s Park Estate-এর কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) গোষ্ঠীগুলো, এবং Surma Centre-এর ব্যবহারকারীরা *বেশি* ক্ষতিগ্রস্ত হবে।
- ভিন্ন একটি বাস স্টপে হেঁটে যাওয়ার কারণে আপনার উপর বেশি প্রভাব পড়তে পারে যদি আপনি বাচ্চা ও ছোট শিশুদের মা-বাবা বা পরিচর্যাকারী হন, যদি আপনি বয়স্ক বা প্রতিবন্ধী হন, অথবা যদি আপনি একজন তরুণ-তরুণী হন যাকে বাসের উপর নির্ভর করতে হয়।



HS2 Ltd

Hampstead Road-এর বাস স্টপেজ

# ২০২৬ সাল থেকে রেলওয়ে পরিচালনা

## উচ্চ শব্দের প্রভাব

২০২৬ সালের পরে, Hampstead Road-এর সেতুটি পুনঃনির্মিত হওয়ার পর, Langdale, Augustus House, Coniston বা Regent's Park Estat-এর Cubitt Court-এ বসবাসকারী ব্যক্তিরা যানবাহনের বেশি শব্দ লক্ষ করতে পারেন।

- শিশু, কিশোর-কিশোরী, বাংলাদেশি বংশোদ্ভূত লোকজন, একক পিতা/মাতা ও মুসলমান ব্যক্তিরা অন্য গোষ্ঠীগুলোর তুলনায় এই প্রভাবগুলোর *সম্মুখীন হওয়ার* সম্ভাবনা বেশি।
- যদি যানবাহনের শব্দ বাইরে বের হওয়াকে বেশি কঠিন করে তোলে *তাহলে এখানে বসবাসকারী একজন বয়স্ক ব্যক্তি হওয়ার কারণে আপনি বিশেষভাবে* প্রভাবিত হতে পারেন।

## যানবাহন, পরিবহন ও শারীরিকভাবে প্রবেশযোগ্যতা

পরিমার্জিত প্রস্তাবটি ট্রেনের প্ল্যাটফর্মে যাওয়া-আসাকে আরো সহজ করে তুলবে, এবং কাছাকাছি চলাচলকারী বাসগুলোর ব্যবহারকে আরো সহজ করে তুলবে। নতুন স্টেশনের নির্মাণ শেষ হওয়ার পর, নতুন এস্কেলেটর ও লিফটের অর্থ হবে রেলওয়ে প্ল্যাটফর্মগুলোতে ও Euston আন্ডারগ্রাউন্ড স্টেশনে সিঁড়িছাড়া চলাচলের সুবিধা।

- এটি *বিশেষকরে* প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদেরকে সাহায্য করবে।

## চাকরির সুযোগ

পরিমার্জিত প্রস্তাবে নতুন ট্রেন সার্ভিস শুরু হলে স্টেশনে প্রায় ৫০০ নতুন চাকরির ব্যবস্থা হবে।

- HS2 Ltd নারী, প্রতিবন্ধী ব্যক্তি, তরুণ-তরুণী, কৃষ্ণাঙ্গ, এশিয় ও জাতিগত সংখ্যালঘু (BAME) গোষ্ঠী ও সংখ্যালঘু বিশ্বাসভিত্তিক গোষ্ঠীগুলোকে সমান সুযোগ প্রদান করে, যার ফলে সুবিধাবঞ্চিত গোষ্ঠীগুলোর জন্য নতুন চাকরি, প্রশিক্ষণ ও ব্যবসার সুযোগ খুলে যাবে।

# আমার এখন কী করা দরকার?

HS2 Ltd-এর জানা দরকার যে, একটি নতুন রেলওয়ে নির্মাণের সাথে জড়িত পরিবর্তনগুলো আপনাকে কিভাবে প্রভাবিত করবে।

CFA1: Euston স্টেশন ও প্রবেশপথের জন্য ***EqIA হালনাগাদ তথ্য*** সম্পর্কে আপনার মতামত কী?

অনুগ্রহ করে যতটা সম্ভব বিস্তারিতভাবে জানান এবং যদি আপনি মনে করেন যে মূল্যায়ন থেকে কোনো কিছু বাদ পড়েছে তাহলে আমাদেরকে জানান। সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের উপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে আপনি আরো বিস্তারিত পড়তে পারেন পূর্ণাঙ্গ ***EqIA হালনাগাদ তথ্য***-এ www.gov.uk/hs2 ওয়েবসাইটে এবং এই সংক্ষিপ্তসারের শেষে তালিকাভুক্ত সূত্রগুলো থেকে আরো বিস্তারিত জানতে পারেন।

যদি আপনি ***EqIA হালনাগাদ তথ্য*** ও এর প্রস্তাবগুলো সম্পর্কে মন্তব্য করতে চান, তাহলে অনুগ্রহ করে HS2 Ltd-এর বিশেষ পরামর্শ ফরমে আপনার উদ্বেগগুলো লিপিবদ্ধ করুন, যাতে HS2 Ltd সংসদে উত্থাপিত তাদের সংক্ষিপ্তসারে সেগুলো অন্তর্ভুক্ত করতে পারে।

আপনি যা যা করতে পারেন:

- অনলাইনে মতামত দিতে পারেন - www.gov.uk/hs2 ওয়েবসাইটে দেয়া নির্দেশনাগুলো অনুসরণ করুন; অথবা
- HS2 Ltd-এর www.gov.uk/hs2 ওয়েবসাইট থেকে পরামর্শ ফরমটি ডাউনলোড করে নিতে পারেন এবং হয়:
  - আপনার মতামতগুলো **hs2EustonEqualitiesConsultation@hs2.org.uk** ঠিকানায় ইমেইল করতে পারেন; অথবা
  - আপনার মতামতগুলো **FREEPOST EUSTON EQUALITIES** ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন।

আপনি আপনার মতামতগুলো ডাকযোগে পাঠালে, আপনাকে ঠিকানার জায়গায় অন্য আর কিছু লিখতে হবে না এবং আপনাকে কোনো ডাকটিকিট লাগাতে হবে না।

যদি আপনি রেকর্ডেড ডেলিভারি বা বিশেষ ডেলিভারির মাধ্যমে আপনার মতামত পাঠাতে চান, তাহলে অনুগ্রহ করে 020 7944 4908 নম্বরে আমাদের কমিউনিটি রিলেশন্স হেল্পডেস্কে ফোন করুন - তারা খুশিমনে এই ব্যবস্থা করবে।

এছাড়াও সংক্ষিপ্তসারের এই ডকুমেন্টটি অন্য কোনো ফরম্যাটে পাঠানোর জন্য আপনি 020 7944 4908 নম্বরে আমাদের হেল্পডেস্কে ফোন করতে পারেন।

**6 নভেম্বর 2015 তারিখ রাত 11:45 টায় এই মতামত গ্রহণ শেষ হবে।**



HS2 Ltd / Grimshaw Architects

Euston-এ প্রস্তাবিত স্টেশন কনকোর্স

# HS2 কিভাবে সাহায্য করছে সে সম্পর্কে আরো জানুন

২০১৩ সাল থেকে, HS2 Ltd বেশ কয়েকটি নীতি প্রকাশ করেছে যেগুলো সাম্যতার প্রভাব কমাতে এবং সরকারি খাতে সাম্যতার দায়িত্বের শর্তগুলো পূরণে সাহায্য করে। এগুলোর মধ্যে রয়েছে:

- HS2 Ltd-এর সাম্যতা, বৈচিত্র্য ও অঙ্গীভূত করা সম্পর্কিত তথ্যপত্র (G5) (জুন ২০১৫ তারিখে হালনাগাদকৃত) এটি দেখায় যে কিভাবে HS2 Ltd বিভিন্ন পটভূমির ব্যক্তিদেরকে কর্মীবাহিনীতে অন্তর্ভুক্ত করে এবং কিভাবে এটি নতুন রেলওয়ের পরিকল্পনা, ডিজাইন, নির্মাণ ও পরিচালনা করে থাকে।

- প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ক্ষেত্রে HS2 Ltd-এর ব্যবস্থা সম্পর্কিত তথ্যপত্র (G4) (জুন ২০১৫) এটি দেখায় যে রেলওয়ে নির্মাণ ও পরিচালনার জন্য HS2 Ltd কিভাবে লোকজনকে প্রশিক্ষণ দেয় ও নিয়োগ করে এবং আরো দেখায় যে এটি কিভাবে স্থানীয়, সুবিধাবঞ্চিত ও কম-প্রতিনিধিত্বসম্পন্ন গোষ্ঠীগুলোকে সমান সুবিধা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

- HS2-এর সম্পত্তির ক্ষতিপূরণ প্যাকেজ বিশেষ পরিস্থিতি মোকাবেলায় সাহায্য করার পরিকল্পনা করে, যাতে HS2 Ltd সাম্যতার আইনের অনুচ্ছেদ ২০ অনুযায়ী ‘যুক্তিসঙ্গতভাবে সমন্বয়’ করতে পারে।

Euston-এর জন্য পরিমার্জিত প্রস্তাব সম্পর্কিত অন্যান্য তথ্যপত্রের মধ্যে রয়েছে:

- সাম্যতার প্রভাব মূল্যায়ন সম্পর্কিত সাম্প্রতিকতম তথ্য: CFA Euston স্টেশন ও প্রবেশপথ (সেপ্টেম্বর ২০১৫)

- সম্পূরক পরিবেশগত বিবৃতি ২ ও বাড়তি শর্ত ৩ পরিবেশগত বিবৃতি: খণ্ড ২ কমিউনিটি ফোরাম এরিয়া রিপোর্ট CFA1 Euston স্টেশন ও প্রবেশপথ

- স্বাস্থ্য সম্পর্কিত প্রভাব মূল্যায়ন সম্পর্কিত সংযোজন: Euston স্টেশন ও প্রবেশপথ (সেপ্টেম্বর ২০১৫)

- London থেকে West Midlands পরিবেশগত বিবৃতি: খণ্ড ৫ কারিগরি পরিশিষ্ট আচরণগত অনুশীলনের খসড়া (নভেম্বর ২০১৩)

আপনি এই সবগুলো তথ্যপত্র ও নীতিমালা অনলাইনে www.gov.uk/hs2 ওয়েবসাইটে পেতে পারেন।

## যোগাযোগ

আপনি আরো তথ্য পেতে চাইলে HS2 Ltd-এর কমিউনিটি রিলেশন্স হেল্পডেস্কের সাথে **020 7944 4908** নম্বরে বা **hs2enquiries@hs2.org.uk ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন**